H.S.C

# দৈনিক ইত্তেফাক

017

তারিখ 14 JUN 1987 ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...
৩০ জ্যৈষ্ঠ ১৩৯৪ বাং



গতকাল (শনিবার) দেশব্যাপী উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার প্রথম দিনে নগরীর একটি পরীক্ষা কেন্দ্র —ইত্তেফাক

## এইচ এস সি পরীক্ষার প্রথম দিনে ৪৩৪ জন বহিস্কৃত

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (শনিবার) সারাদেশে চারটি শিক্ষা বোর্ডের অধীনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা শুরু হইয়াছে। গতরাত্রে প্রাপ্ত তথ্যানুযায়ী শান্তিপূর্ণ পরিবেশে প্রথম দিনের পরীক্ষা সম্পন্ন হওয়ার খবর পাওয়া যায়। পরীক্ষায় প্রায় ২ লাখ ৪৫ হাজার ছাত্র-ছাত্রী অংশ নিতেছেন। ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ও ইত্তেফাক সংবাদদাতাদের প্রেরিত তথ্য অনুযায়ী গতকাল ৪৩৪ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছেন।

ঢাকা বোর্ডের পরীক্ষা

( শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ )

### এইচ এস সি পরীক্ষা

( ১ম পৃঃ পর )

নিয়ন্ত্রকের সহিত যোগাযোগ করা হইলে তিনি জানান, বিভিন্ন কেন্দ্র হইতে অসদুপায় অবলম্বনের অভিযোগে ৫৮ জন পরীক্ষার্থী এবং অসদুপায় অবলম্বনে সহায়তাদানের জন্য একজন পরিদর্শনরত শিক্ষককে বহিষ্কার করা হইয়াছে। সন্ধ্যা ৬টা পর্যন্ত নেত্রকোনা, টাঙ্গাইল, জামালপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, নরসিংদী, ময়মনসিংহ ও মানিকগঞ্জের জেলা প্রশাসকদের সহিত পরীক্ষা নিয়ন্ত্রকের আলোচনাকালে তাঁহারা সর্বত্র শান্তিপূর্ণভাবে প্রথম দিনের পরীক্ষা সম্পন্ন হওয়ার তথ্য জানান।

অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কৃত পরীক্ষার্থীদের তালিকা: গোপালগঞ্জ জেলা-১৫, ফরিদপুর-১৮, সিঙ্গাইর-১, ঢাকা শহর (তীতুমীর কলেজ কেন্দ্র)-১, সেনারগাঁও-১৫, কাপাসিয়া-৭, টঙ্গি-১। বহিষ্কৃত শিক্ষক হইতেছেন গোপালগঞ্জের মোকসেদপুর কেন্দ্রের।

আমাদের সংবাদদাতাদের প্রেরিত বহিষ্কৃত পরীক্ষার্থীদের সংখ্যা নিম্নরূপ: নীলফামারী-৪৯, নাটোর-১৫, মানিকগঞ্জ-২০, দোহাজারী-৩, গাইবান্ধা-১৮, পাবনা-৭০ লক্ষ্মীপুর-১৩, গাজীপুর-৯, ফেনী-৬, সিরাজগঞ্জ-৫৮, জয়পুরহাট-৬১, খুলনা-৮, ঈশ্বরদী-১৪, ফরিদপুর-১৮ ও ঝিনাইদহ-১৪।